

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর



Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/প্রশাঃ/ওয়েবসাইট/৮০/২০০৯/...../৫৬৪৪(০৬)

তারিখ : ২৪/১১/২০১৯ খ্রি.

বিষয় : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক নির্ধারিত ইআইআইএন/প্রতিষ্ঠান ভিত্তিক অফিসিয়াল মোবাইল সিম সংগ্রহ প্রসঙ্গে।

সূত্র : গ্রামীণফোনের সাথে ১৪ মার্চ, ২০১৯ তারিখে স্বাক্ষরিত চুক্তিপত্র।

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সকল শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় ও এর বিভিন্ন সংস্থার (যেমন; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা বোর্ড, ব্যানবেইস ইত্যাদি) সাথে জরুরি যোগাযোগ সহজিকরণ ও বিভিন্ন অনলাইন সেবা দ্রুত ও সশ্রমী করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের ইআইআইএন এর ৬ ডিজিট ব্যবহার করে বিনামূল্যে অফিসিয়াল মোবাইল সিম সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ অদ্যবধি অফিসিয়াল মোবাইল সিম সংগ্রহ করেননি সে সকল শিক্ষাপ্রতিষ্ঠানকে সংযুক্ত পুণঃ শিডিউল অনুযায়ী মোবাইল সিম বিতরণ করা হবে। এ সম্পর্কে করণীয় ও সিম ব্যবহারের উল্লেখযোগ্য সুবিধা/অসুবিধা নিম্নে উল্লেখ করা হলোঃ

১. স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির নিকট সিম সরবরাহ করা হবে।
২. মোবাইল নম্বরটির নমুনা : ০১৩০৯XXXXXX( সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের E.IIN) যার সাহায্যে খুব সহজে ও সশ্রমী রেটে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করা যাবে।
৩. শিক্ষা বোর্ডের সকল ধরনের যোগাযোগ যেমন, প্রতিষ্ঠানের পাসওয়ার্ড বা যেকোন ধরনের টেক্সট, অডিও বা ভিডিও মেসেজ, পরীক্ষার সময় জরুরি যোগাযোগ এ সিমের মাধ্যমে করা হবে বিধায় সবসময় সিমটি সচল রাখতে হবে।
৪. প্রদত্ত সিমযুক্ত মোবাইল সেটটি কোনভাবেই হস্তান্তর করা যাবেনা, শিক্ষা বোর্ডের যে কোন প্যানেলে কাজ করতে হলে এ সিমযুক্ত মোবাইলে (OTP-one time password) পাসওয়ার্ড প্রদান করা হবে যা ব্যবহার করে রেজিস্ট্রেশন, ফরম ফিলাপ, ব্যবহারিক নম্বর প্রদান ইত্যাদি কাজ করতে হবে।
৫. এ সিম ব্যবহার করে ১%-২% সার্ভিস চার্জ দিয়ে ছোট ছোট ফিগুলো প্রদান করা যাবে।
৬. প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমোদিত অন্যান্য গ্রামিণ সিমগুলোও একই সশ্রমী প্যাকেজে মাইগ্রেশন করতে পারবে।
৭. শুরুতেই সিম গ্রহণ করার সময় ২০০/- (দুইশত) টাকার বিভিন্ন সুবিধাসহ একটি বান্ডেল অফার থাকবে যা সকলকেই সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
৮. অতি শীঘ্রই শিক্ষা বোর্ডের অনলাইন প্যানেলের সাথে এই সিম যুক্ত হবে, বিধায় সিম পাওয়ার পরপরই তা সচল করতে হবে।
৯. এছাড়াও বিভিন্ন সময় প্রদত্ত সিমের মাধ্যমে জরুরি মেসেজ দেয়া হবে, বিধায় সবসময়ই মোবাইল মেসেজ চেক করতে হবে।
১০. পুণরায় জেলাওয়ারী বিতরণের তারিখঃ

ক্রঃ নং	বিতরণের তারিখ	জেলার নাম	মন্তব্য
০১	০৮/১২/২০১৯	দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট ও ঠাকুরগাঁও	
০২	০৯/১২/২০১৯	রংপুর, নীলফামারী, পঞ্চগড় ও গাইবান্ধা	

বিশেষ দ্রষ্টব্যঃ উপরোক্ত সিডিউল মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সিম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, শুধুমাত্র প্রতিষ্ঠান প্রধান বা তাঁর লিখিত প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিকে ছাড়া অন্য কাউকে সিম প্রদান করা হবে না।

*Antar*  
28.11.19

প্রফেসর মোঃ আমিনুল হক সরকার  
সচিব  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
শিক্ষা প্রতিষ্ঠান (যারা পূর্বে সিম গ্রহণ করেননি)।

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি

১. একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২. ওয়েবসাইট কপি।
৩. অফিস কপি।